

বিদ্যালয়ের ফটকে ছাত্রী হত্যা

বিশ্ববিদ্যালয়ের ছাত্র গ্রেপ্তার

গাজীপুর প্রতিনিধি •

গাজীপুরের কালিয়াকৈরে গতকাল মঙ্গলবার দুপুরে বিদ্যালয়ের ফটকে ছুরিকাঘাতে খুন হয়েছে কবিতা মনি দাস (১৬) নামের এক ছাত্রী। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রকে গ্রেপ্তার করেছে পুলিশ।

নিহত কবিতা কালিয়াকৈর উপজেলার সূত্রাপুর এলাকার বোর্ডঘর বিজয়-সরনি উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী। সে ঢাকার ধামরাই উপজেলার সাটুরিয়া গ্রামের সাগর মনি দাসের মেয়ে। সূত্রাপুরে নানার বাড়িতে থেকে লেখাপড়া করত কবিতা।

গ্রেপ্তার হওয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র হলেন কালিয়াকৈরের উত্তর কাঞ্চনপুর পশ্চিমপাড়া এলাকার বিক্রম চন্দ্র সরকার (২২)। তিনি সভারের গণবিশ্ববিদ্যালয়ের বিবিএ প্রথম বর্ষের ছাত্র।

কবিতার পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান ও পুলিশ সূত্রে জানা যায়, দশম শ্রেণির ছাত্রী কবিতার নির্বাচনী পরীক্ষা চলছে। অন্যান্য দিনের মতো গতকাল দুপুরেও সে পরীক্ষা দিতে বিদ্যালয়ের উদ্দেশে বাড়ি থেকে বের হয়। বেলা দেড়টার দিকে বিদ্যালয়ের ফটকে পৌঁছানোর পর বিক্রম তার গতিরোধ করেন। এ সময় দুজনের মধ্যে বাগবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে বিক্রম একটি ধারালো ছুরি দিয়ে কবিতার পেটে ও কাঁধে আঘাত করেন। কবিতার চিৎকার শুনে বিদ্যালয়ের শিক্ষক, ছাত্রছাত্রী ও আশপাশের লোকজন গিয়ে বিক্রমকে আটক করে পুলিশে দেন। কবিতাকে উদ্ধার করে কালিয়াকৈর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে



কবিতা মনি দাস

পাঠানো হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পুলিশ লাশ ময়নাতদন্তের জন্য গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

কালিয়াকৈর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক চিকিৎসক সাইফুল ইসলাম বলেন, স্কুলছাত্রী কবিতার পেটে, বুকে ও হাতে ছুরির তিনটি আঘাত রয়েছে। অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়েছে।

কবিতার নানা ননি গোপাল বলেন, বিক্রম অনেক দিন ধরে কবিতাকে নানাভাবে উত্ত্যক্ত করে আসছিলেন। চার-পাঁচ মাস

আগে একদিন স্কুলে যাওয়ার সময় কবিতার হাত ধরে টানাটানি করেন তিনি। পরে বিষয়টি নিয়ে বিক্রমের পরিবারের সঙ্গে কথা বলে সমাধান করা হয়। এরপর থেকে প্রতিদিন কবিতাকে স্কুলে দিয়ে ও নিয়ে আসতেন তাঁর নানি। কিন্তু নানি অসুস্থ থাকায় কয়েক দিন ধরে সে বাহুবীদের সঙ্গে স্কুলে-যাওয়া আসা করছিল।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. কামরুজ্জামান জানান, হত্যার ঘটনার পর গতকালের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

এদিকে ঘটনার খবর পেয়ে কালিয়াকৈর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাইফুল কবীর ও কালিয়াকৈর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওমর ফারুক ঘটনাস্থল পরিদর্শন করেন। ওসি বলেন, হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত থাকার অভিযোগে বিক্রমকে গ্রেপ্তার করা হয়েছে। ঘটনাস্থল থেকে রক্তমাখা একটি ছুরি উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় মামলার প্রক্রিয়া চলছে।